রামগতি পৌরসভা কার্যালয়
রামগতি,লক্ষ্মীপুর।
স্থাপিত-২০০০খ্রিঃ
ই-মেইলঃ ramgatipourashova@gmail.com

স্মারক নং-রাপৌ/সভাঃ কাঃ/২০২৩-৩১১ তারিখঃ ২৫/০৯/২০২৩খ্রিঃ

**সভা নং-৩১**

পৌর পরিষদের মাসিক (সেপ্টেম্বর'২০২৩খ্রিঃ) সভার কার্য বিবরনীঃ

সভাপতি: এম মেজবাহ উদ্দিন, মেয়র, রামগতি পৌরসভা, রামগতি, লক্ষ্মীপুর।

তারিখ: ২৫/০৯/২০২৩খ্রিঃ

সময়: বেলা ১১.০০ ঘটিকা।

স্থান: পৌরসভা সভাকক্ষ।

সভার উপস্থিতি:

| ক্রমিক নং | সদস্যবৃন্দের নাম | ওয়ার্ড নং | উপস্থিতি স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | গীতা রানী দাস | সংরক্ষিত মহিলা আসন-১ | স্বাক্ষরিত |
| ০২ | আকলিমা বেগম | সংরক্ষিত মহিলা আসন-২ | স্বাক্ষরিত |
| ০৩ | নাছিমা বেগম | সংরক্ষিত মহিলা আসন-৩ | স্বাক্ষরিত |
| ০৪ | মোঃ জয়নাল আবেদীন | সাধারন আসন-০১ | স্বাক্ষরিত |
| ০৫ | তাপস চন্দ্র দাস | সাধারন আসন-০২ | স্বাক্ষরিত |
| ০৬ | নিজাম উদ্দিন | সাধারন আসন-০৩ | স্বাক্ষরিত |
| ০৭ | মোঃ নুর নবী | সাধারন আসন-০৪ | স্বাক্ষরিত |
| ০৮ | শাহাদাৎ হোসেন | সাধারন আসন-০৫ | স্বাক্ষরিত |
| ০৯ | মোহাম্মদ নেছার উদ্দিন | সাধারন আসন-০৬ | স্বাক্ষরিত |
| ১০ | মুহাম্মদ দিদারুল ইসলাম খন্দকার | সাধারন আসন-০৭ | স্বাক্ষরিত |
| ১১ | ছৈয়দ মুরতাজা আল আমিন | সাধারন আসন-০৮ | স্বাক্ষরিত |
| ১২ | মোঃ ফারুকুল ইসলাম বাবলু | সাধারন আসন-০৯ | স্বাক্ষরিত |

সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। সভার শুরুতে পবিত্র কুরআন থেকে তেলোয়াত করেন রামগতি পৌরসভার ০৮নং ওয়ার্ডের কাউন্সিলর জনাব ছৈয়দ মুর্তাজা আল আমিন এবং পবিত্র গীতা থেকে পাঠ করে ১,২ ও ৩ নং ওয়ার্ডের সংরক্ষিত আসনের মহিলা কাউন্সিলর জনাব গীতা রানী দাস। এরপর সভা পরিচালনা করার জন্য মেয়র মহোদয় পৌর নির্বাহী কর্মকর্তা রামগতি পৌরসভাকে আহবান করেন।

| সূচী নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ০১ | বিগত সভার কার্য-বিবরণী পাঠ ও অনুমোদনঃ- | সভায় সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে জনাব এ.বি.এম শাহজাহান, কার্য সহকারী কর্তৃক বিগত সভার কার্য-বিবরণী পড়ে শুনানো হয় এবং কোন ধরনের সংশোধন, সংযোজন-বিয়োজন থাকলে তা নিয়ে আলোচনা করার জন্য অনুরোধ করেন। | কোন সংশোধনি না থাকায় ৩১/০৮/২০২৩ইং তারিখের কার্য-বিবরণী সর্বসম্মতক্রমে অনুমোদিত হয়। |
| ০২ | সনাতন ধর্মাবলম্বীদের সার্বজনীন দুর্গা পূজা উদযাপন নিয়ে আলোচনাঃ | কার্যসহকারী জনাব এ.বি.এম শাহজাহান সভায় জানান যে, আসছে ২০/০৮/২০২৩খ্রিঃ থেকে ২৪/০৮/২০২৩খ্রিঃ তারিখ পর্যন্ত ৫দিন হিন্দু সম্প্রদায়ের সবচেয়ে বড় ধর্মীয় উৎসব শারদীয় দুর্গা পুজা অনুষ্ঠিত হতে যাচ্ছে। শারদীয় দুর্গা উৎসব যাতে সুন্দর ভাবে পালন করতে পারে সে বিষয়ে সজাগ দৃষ্টি রাখার জন্য জেলা প্রশাসন কর্তৃক নির্দেশনা রহেছে। তিনি বিষয়টি নিয়ে মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন।<br><br>মেয়র মহোদয় বিষয়টি নিয়ে কাউন্সিলরদের কে আলোচনা করার জন্য অনুরোধ করেন।<br><br>সংরক্ষিত ১,২,৩ নং ওয়ার্ড কাউন্সিলর জনাব গীতা রানী দাস সভায় জানান যে, দুর্গা পুজা মন্ডপ পরিদর্শনকৃত স্থানে যাতে নির্বিঘ্নে যাতায়াত করা হয় সেদিকে সংশ্লিষ্ট সড়ক গুলো ও পুজা মন্ডপ গুলো সংস্কার করার জন্য মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন।<br><br>২নং ওয়ার্ড কাউন্সিলর জনাব তাপস চন্দ্র দাস সভায় জানান জানান যে, তার ওয়ার্ডে অবস্থিত শ্রী শ্রী বুড়া কর্তার আশ্রম রামগতি পৌরসভার তথা রামগতি উপজেলার সবচেয়ে বড় দুর্গা পুজা উৎসবে বিভিন্ন স্থান থকে ভক্তবৃন্দরা পুজা মন্ডপ পরিদর্শনে আসেন। তিনি পুজা মন্ডপের সামনে অবস্থিত মাঠ সংস্কার/নির্মাণ/পুন নির্মাণ করা যায় কিনা সে বিষয়ে মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। তার প্রস্তাবে জনাব গীতা রানী দাস একমত পোষণ করেন।<br><br>৩নং ওয়ার্ড কাউন্সিলর জনাব নিজাম উদ্দিন সভায় জানান যে, তার ওয়ার্ডে ভবানী মহাজন বাড়ীর দরজায় অনুষ্ঠিত পুজা মন্ডপে প্রতি বছর দুর্গা পুজা অনুষ্ঠিত হচ্ছে। তিনি পুজা মন্ডপে নির্বিঘ্নে যাতাযাত করার জন্য সংশ্লিষ্ট সড়ক গুলো মেরামত করার জন্য অনুরোধ করেন। | মেয়র মহোদয় সভার সম্মতিক্রমে সকল পুজা মন্ডপ সংশ্লিষ্ট সড়ক গুলো সরোজমিনে পরিদর্শন করে পরিমাপ পূর্বক যে কোন পক্রিয়ায় দ্রুত সংস্কার/নির্মাণ/পুন নির্মাণ করা যায় সে বিষয়ে জরুরী ব্যবস্থা গ্রহণের জন্য সহকারী প্রকৌশলীকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করেন। |
| ০৩ | উন্নয়ন মূলক আলোচনাঃ<br>(ক) BMWSSP এবং LGCCRP প্রকল্পের কাজ বাস্তাবায়ন ও প্রকল্প দাখিল সম্পর্কে আলোচনাঃ | সহকারী প্রকৌশলী জানাব মোঃ কামরুল হাসান সভায় জানান যে, BMWSSP এবং LGCCRP প্রকল্পের আওতায় বেশ কিছু উন্নয়ন প্রকল্পের কাজ চলমান রয়েছে। BMWSSP প্রকল্পের আওতায় পানি সরবরাহেরে জন্য পানি ডিষ্ট্রিবিউশন পাইপ লাইন, ড্রেন নির্মাণ প্রকল্পের কাজ চলমান এবং LGCCRP প্রকল্পের আওতায় আলেকজান্ডার কাঁচা বাজারা Kitchen Market নির্মাণ কাজ চলছে এবং LGCCRP প্রকল্পের আওতায় “ আল আমিন কাঁচা” মার্কেটে Kitchen Market, জমিদার হাট বাজারে “টলশেড” এবং আলেকজান্ডার বাজার ও জমিদার হাট বাজরের বাজার গলি সড়ক আর.সি.সি দ্বারা নির্মাণ করার জন্য প্রস্তাবনা পেশ করেন। তিনি বিষয়টি মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন।<br><br>মেয়র মহোদয় বিষয়টি নিয়ে আলোচনা করার জন্য অনুরোদ করেন।<br><br>৮নং ওয়ার্ড কাউন্সিলর জনাব ছৈয়দ মুর্তাজা আল আমিন সভায় জানান যে, BMWSSP প্রকল্পের আওতায় পানি সরবরাহেরে জন্য পানি ডিষ্ট্রিবিউশন পাইপ লাইন স্থাপনের ক্ষেত্রে দেখা যায় যে ডিষ্ট্রিবিউশন পাইপ লাইনের জন্য যে ডিজাইন করা হয়েছে তাতে করে অনেক গুরুত্বপূর্ণ এলাকা বা কোর এরিয়া বাদ পড়ে গেছে এবং অনেক রোড লিংক গুলো সঠিক ভাবে ডিজাইনে আসে নাই। তিনি বিষয়টি নিয়ে মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। তার উক্ত প্রস্তাবে সবাই একমত পোষণ করেন।<br><br>সংরক্ষিত ওয়ার্ডের কাউন্সিলর জনাব গীতা রানী দাস সভায় জানান যে, BMWSSP এবং LGCCRP প্রকল্পের আওতায় গত ১(এক) বৎসর পূর্বে ড্রেন নির্মাণ কাজের কার্যাদেশ প্রদান করা হলে ও আমরা | মেয়র মহোদয় সভার সিদ্ধান্তক্রমে BMWSSP প্রকল্পের আওতায় ডিষ্ট্রিবিউশন পাইপ লাইনের জন্য বাদপড়া এলাকা সমূহ পুনরায় ডিজাইন করা এবং ড্রেন নির্মাণ করার জন্য ঠিকাদারেকে দাগিত প্রদান এবং LGCCRP প্রকল্পের আওতায় আল আমিন কাঁচা বাজারের স্থলে Kitchen Market নির্মাণের জন্য প্রাক্কলন প্রস্তুত করে সংশ্লিষ্ট প্রকল্প অফিসে দাখিল করার জন্য সহকারী প্রকৌশলীকে র্নিদেশ প্রদান করেন। |

| | | | |
|---|---|---|---|
| | | জানতে পেরেছি নির্মাণ সামগ্রীর উর্দ্ধগতি দেখিয়ে ড্রেনের কাজ স্থগিত রেখেছে। তিনি দ্রুত ড্রেন নির্মাণ কাজ জন্য মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। তার উক্ত প্রস্তাবে সবাই একমত পোষণ করেন।<br><br>৭নং ওয়ার্ড কাউন্সিলর জনাব মুহাম্মদ দিদারুল ইসলাম খন্দকার সভায় জানান যে, LGCCRP প্রকল্পের আওতায় অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্থ হওয়া আল আমিন কাঁচা মার্কেটে খালি জায়গায় Kitchen Market মার্কেট নির্মাণ করার জন্য মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। তার উক্ত প্রস্তাবে সবাই একমত পোষণ করেন।<br><br>৯নং ওয়ার্ড কাউন্সিলর জনাব ফারুকুল ইসলাম বাবলু সভায় জানান যে, পৌরসভার রাজস্ব আদায়ের স্বার্থে অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্থ হওয়া আল আমিন কাঁচা মার্কেটে খালি জায়গায় Kitchen Market মার্কেট নির্মাণ করা হলে পৌরসভার রাজস্ব আদায় বৃদ্ধি পাবে এবং ক্রেতা-বিক্রেতা ও বাজার ব্যবসায়ীসহ ১২০০-১৫০০ লোক উপকৃত হবে। আর দরিদ্র লোকের কর্মসংস্থান হবে এবং রাজস্বের ক্ষেত্রে প্রবৃদ্ধি বাড়বে। তিনি উক্ত বিষয়টি নিয়ে মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। তার উক্ত প্রস্তাবে সবাই একমত পোষণ করেন।<br><br>৫নং ওয়ার্ড কাউন্সিলর ও প্যানেল মেয়র-০১ জানাব শাহাদাৎ হোসেন সভায় জানান যে, গত TLCC-সভার প্রতিবেন পর্যলোচনা করে দেখা যায় যে আলেকজান্ডার ও জমিদার হাট বাজারে টলশেড নির্মাণ এবং বাজার সমূহের গলি সড়ক গুলো আর.সি.সি দ্বারা নির্মাণ করাজ করার প্রস্তাব উত্থাপন করেছে। প্রস্তাবনা অনুযায়ী উত্থাপিত সকল কাজগুলো বাস্তবায়ন করা জরুরী তবে অগ্রাধীকার ভিত্তিতে পৌরসভার রাজস্ব আদায়ে স্বার্থে আলেকজান্ডার বাজারে পুড়ে যাওয়া আল আমিন কাঁচা বাজারের স্থলে Kitchen Market নির্মাণ করার জন্য মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। তার উক্ত প্রস্তাবে সবাই একমত পোষণ করেন। | |
| ০৪ | পানির লাইনের সংযোগ ফি নিধারণ, পানি ট্যারিফ নির্ধারণ সম্পর্কে আলোচনাঃ | পৌর নির্বাহী কর্মকর্তা জনাব মোঃ কামরুল হাসান সভায় জনান যে, পৌরসভার পানি সরবরাহ ব্যবস্থাপনা উপ-আইনের আলোকে ওয়ার্ড সমন্বয় সভা ও TLCC কমিটির সিদ্ধান্তের ভিত্তিতে পানির সংযোগ ট্যারিফ আবেদন ফি ও সংযোগ ফি'র একটি খসড়া তালিকা প্রস্তুত করা হয়েছে যাহা নিম্নে প্রদত্ত হলো।<br><br>** পূর্বে নিবন্ধনকৃত ২৫০০ জন গ্রহকের ক্ষেত্রেঃ<br>• আবেদন ফি- ৫০০/- টাকা<br>• সংযোগ ফি- ২০ মিঃ পর্যন্ত- ২,৫০০/- টাকা<br>** নিবন্ধন ছাড়া অন্য গ্রাহকের ক্ষেত্রেঃ<br>• আবেদন ফি- ৫০০/- টাকা<br>• সংযোগ ফি- ৮,০০০/- টাকা (দূরত্ব বিবেচনা বাড়তি চার্জ প্রযোজ্য)<br>** নিবন্ধন ছাড়া অন্য গ্রাহকের ক্ষেত্রেঃ<br>১। আবাসিক প্রতি ইউনিট = ২০ টাকা<br>আবাসিক প্রতি গ্রাহক সর্বনিম্ন চার্জ = ২০০/- টাকা<br>২। বানিজ্যিক প্রতি ইউনিট = ৪০ টাকা<br>বানিজ্যিক প্রতি গ্রাহক সর্বনিম্ন চার্জ = ৩০০/- টাকা | সভার সম্মতিক্রমে মেয়র মহোদয়<br>** পূর্বে নিবন্ধনকৃত ২৫০০ জন গ্রহকের ক্ষেত্রেঃ<br>• আবেদন ফি- ৫০০/- টাকা<br>• সংযোগ ফি- ২০ মিঃ পর্যন্ত- ২,৫০০/- টাকা<br>** নিবন্ধন ছাড়া অন্য গ্রাহকের ক্ষেত্রেঃ<br>• আবেদন ফি- ৫০০/- টাকা<br>• সংযোগ ফি- ৮,০০০/- টাকা (দূরত্ব বিবেচনা বাড়তি চার্জ প্রযোজ্য)<br>** নিবন্ধন ছাড়া অন্য গ্রাহকের ক্ষেত্রেঃ<br>১। আবাসিক প্রতি ইউনিট = ২০ টাকা<br>আবাসিক প্রতি গ্রাহক সর্বনিম্ন চার্জ = ২০০/- টাকা<br>২। বানিজ্যিক প্রতি ইউনিট = ৪০ টাকা<br>বানিজ্যিক প্রতি গ্রাহক সর্বনিম্ন চার্জ = ৩০০/- টাকা ফি নির্ধারনের সিদ্ধান্ত গৃহীত হয়। |

<table>
<tr>
<td>০৫</td>
<td>ডেঙ্গুসহ মশাবাহিত রোগ প্রতিরোধে ওয়ার্ড ভিত্তিক কমিটি গঠন ও কার্য্যক্রম সম্পর্কে আলোচনাঃ</td>
<td>পৌর নির্বাহী কর্মকাতা জনাব মোঃ কামরুল হাসান সভায় জানান যে, ডেঙ্গুসহ মশাবাহিত রোগ প্রতিরোধে জাতীয় নির্দেশিকার আলোকে ওয়ার্ড ভিত্তিক কমিটি গঠন, পৌরসভা কমিটি ও পৌর নাগরিকদের স্বাস্থ্য সুরক্ষার লক্ষ্যে মশক নিধনের কার্যক্রম পরিচালনা করার জন্য নির্দেশনা হয়েছে। তিনি বিষয়টি নিয়ে মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন।<br>মেয়র মহোদয় উক্ত বিষয়টি নিয়ে আলোচনা করার জন্য অনুরোধ করেন।<br>৮নং ওয়ার্ড কাউন্সিলর জনাব ছৈয়দ মুর্তাজা আল আমিন সভায় জানান যে, দেশব্যাপী ভয়াভহ ডেঙ্গুর প্রাদুরভাব প্ররিলক্ষীত হচ্ছে। এতে করে পৌরসভার বিভিন্ন ওয়ার্ডে মানুষ মশাবাহিত রোগে সংক্রমিত হচ্ছে। তাই ডেঙ্গুসহ মশাবাহিত রোগ প্রতিরোধে জাতীয় নির্দেশিকার আলোকে ওয়ার্ড ভিত্তিক কমিটি গঠন করে এর রোগ প্রতিরোধ সংক্রান্ত কার্যক্রম গ্রহন ও বাস্তবায়ন করার জন্য মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। তার উক্ত প্রস্তাবে সবাই একমত পোষণ করেন।<br><br>২নং ওয়ার্ড কাউন্সিলর জনাব তাপস চন্দ্র দাস সভায় জানান যে, ডেঙ্গু মশার লাভা নিয়ন্ত্রণে রামগতি পৌরসভার গুরুত্বপুন স্থানে জীবানুনাশক স্প্রে ছিটানো প্রয়োজন। আর ডেঙ্গুসহ মশাবাহিত রোগ প্রতিরোধে জাতীয় নির্দেশিকার আলোকে ওয়ার্ড ভিত্তিক কমিটি গঠন করে এর কার্য্যক্রম সম্পর্কে স্ব-স্ব ওয়ার্ডে জনগণকে উদ্বুদ্ধ করার জন্য মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। তার উক্ত প্রস্তাবে সবাই একমত পোষণ করেন।<br><br>৭নং ওয়ার্ড কাউন্সিলর জনাব মুহাম্মদ দিদারুল ইসলাম খন্দকার সভায় জানান যে, পৌরসভার ইমারত ও বাসা বাড়ীতে স্বাস্থ্য সেবা নিশ্চিত করার লক্ষ্যে যথাযথ ভাবে পরিষ্কার-পরিচ্ছন্নাতা রাখা ও নিয়মিত মশক নিধর কার্য্যক্রম পরিচালনা করা প্রয়াজন। তিনি বিষয়টি নিয়ে মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। তার উক্ত প্রস্তাবে সবাই একমত পোষণ করেন।</td>
<td>মেয়র মহোদয় সভার সম্মতীক্রমে ডেঙ্গুসহ মশাবাহিত রোগ প্রতিরোধে জাতীয় নির্দেশিকার আলোকে ওয়ার্ড ভিত্তিক কমিটি গঠন, পৌরসভা কমিটি ও পৌর নাগরিকদের স্বাস্থ্য সুরক্ষার লক্ষ্যে প্রতিনিয়ত মশক নিধনের কার্যক্রম পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
</tr>
<tr>
<td>০৬</td>
<td>পৌরসভার বিভিন্ন বিল প্রদান প্রসঙ্গে আলোচনাঃ</td>
<td>কোষাধ্যক্ষ জনাব গোলাম মোকতাদির সভায় জানান যে, গত আগষ্ট'২০২৩খ্রিঃ মাসে নিম্ন লিখিত বিল প্রদান করা হয়।
<table>
<tr><th>তারিখ</th><th>বিবরণ</th><th>টাকা</th></tr>
<tr><td>০২২০২৩-০৮-</td><td>জুলাই'২০২৩ ই মাসের মাষ্টার রোল কর্মকর্তা কর্মচারীদের বেতন।</td><td>৭০০০.০০০,</td></tr>
<tr><td>১৪২০২৩-০৮-</td><td>মোসলে উদ্দিননং ওয়ার্ডের বাসিন্দা ০৩ , আর্থিকসাহায্য।</td><td>৫০০.০০০,</td></tr>
<tr><td>১৪২০২৩-০৮-</td><td>মোঃ ফারুকনং ওয়ার্ডের বাসিন্দা আর্থিক ০৯ , সাহায্য।</td><td>৩০০.০০০,</td></tr>
<tr><td>১৪২০২৩-০৮-</td><td>২০০১ ,দায়িত্বপ্রাপ্ত প্রশাসক পর্যন্ত ২০২১- মেয়র ও কাউন্সিলরদের অনার বোড।</td><td>১৬০০.০০০,</td></tr>
<tr><td>১৪২০২৩-০৮-</td><td>৩০টি বিবিধ বই ও ২০টি হোল্ডিং কর আদায় রশিদ বই ছাপানো।</td><td>৮০০.৫০০,</td></tr>
<tr><td>১৪২০২৩-০৮-</td><td>আগষ্টটি মিটারের বিল।০৭মাসের ২০২৩,</td><td>১৩০০.৪৬৭,</td></tr>
<tr><td>২০২০২৩-০৮-</td><td>মোঃ আলমগীর ০৭নং ওয়ার্ডের বাসিন্দা আর্থিক সাহায্য।</td><td>৫০০.০০০,</td></tr>
<tr><td>২২২০২৩-০৮-</td><td>জানুয়ারীমাসের মেয়র ও ২০২৩, কাউন্সিলরবৃন্দের সম্মানী ভাতা।</td><td>১০০.০০০,৩৮,</td></tr>
<tr><td>২২২০২৩-০৮-</td><td>অক্টোবরমাসের কর্মকর্তা ও ২০২২, কর্মচারীদের বেতন ও ভাতাদি।</td><td>৭০০.৭৫৮,৩৫,</td></tr>
<tr><td>২২২০২৩-০৮-</td><td>সহকারী প্রকৌশলী জুনমাসের বেতন ২০২৩, ও ভাতাদি।</td><td>৪৮০০.৩৩০,</td></tr>
<tr><td>২২২০২৩-০৮-</td><td>উপমাসের ২০২৩,সহকারী প্রকৌশলী জুন- বেতন ও ভাতাদি।</td><td>২৫০০.৫২০,</td></tr>
<tr><td>২২২০২৩-০৮-</td><td>ভান্ডারী হোটেল এন্ড রেষ্টুরেন্ট ২০২৩ ২০২৪- অর্থ বছরের বাজেট মিটিং এরআপ্যায়ণ।</td><td>৮৮০০.০৯০,</td></tr>
<tr><td>২২২০২৩-০৮-</td><td>জমির হোসেননং০৫ , ওয়ার্ডের বাসিন্দা আর্থিক সাহায্য।</td><td>২০০.০০০,</td></tr>
<tr><td>২৩২০২৩-০৮-</td><td>থানা জামে মসজিদ কমিটিতে অনুদান</td><td>৫০০.০০০,</td></tr>
<tr><td>২৩২০২৩-০৮-</td><td>দুইটি সার্কিট ব্রেকার প্রকিস্থাপন বিল</td><td>৫৫০০০.</td></tr>
<tr><td>২৭২০২৩-০৮-</td><td>আরিফ এ্যাড এন্ড প্রেস ১০০০পিচ রিক্সা লাইসেন্স স্টিকার সরবরাহ বিল</td><td>৬০০.৫০০,</td></tr>
<tr><td>২৭২০২৩-০৮-</td><td>মিজান মাইক সার্ভিজ ২দিন ভাতাভোগীদের জন্য প্রচার বাবত</td><td>৩০০.০০০,</td></tr>
<tr><td>২৭২০২৩-০৮-</td><td>গার্ভেজ ট্রাক মেরামত বিল</td><td>১০০.৬২০,</td></tr>
</table>
</td>
<td>মেয়র মহোদয় পৌর পরিষদের সম্মতিতে আগষ্ট'২০২৩ মাসে পরিশোধকৃত বিল সমূহ অনুমোদন হয় এবং বিলের নথীপত্র সমূহ সংরক্ষণ সরার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
</tr>
</table>

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(এম মেজবাহ উদ্দিন)
মেয়র
রামগতি পৌরসভা।

স্মারক নং-রাপৌ/সভাঃ কাঃ/২০২৩-৩১১ তারিখঃ ২৫/০৯/২০২৩খ্রিঃ

**অনুলিপি অবগতি ও কার্যার্থে প্রেরণঃ**

১। জেলা প্রশাসক,লক্ষীপুর।
২। জনাব...........................................................কাউন্সিলর(সকল),রামগতি পৌরসভা।
৩। জনাব...........................................................শাখা.......................রামগতি পৌরসভা।
৪। সংশ্লিষ্ট নথি।

(এম মেজবাহ উদ্দিন)
মেয়র
রামগতি পৌরসভা।